

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৮০৭.৩৮.১৪৯.২৩ নথির বিষয়: Repair of Water Line Leakage at DMA-309 & 310 Area under MODS Zone-3, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Repair of Water Line Leakage at DMA-309 & 310 Area under MODS Zone-3, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৮/২৩ ১:৫৩ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ জোন। এই জোনের আওতাধীন ডিএমএ-৩০৯ ও ৩১০ তথা ধানমন্ডি মধুবাজার, রায়েরবাজার সুলতানজা, বউবাজার, বাংলা সড়ক, ঝিগাতলা, সালেকরোড প্রভৃতি এলাকায় রাষ্ট্রীয় অনেক ভিআইপি বসবাস। উক্ত এলাকাসহ তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান পানি সরবরাহ লাইন, ভারি যানবাহন চলাচলের কারণে, রাস্তা সংস্কার ও মেরামতের কারণে, পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন লাইন রক্ষণাবেক্ষণ কাজসহ বিবিধ কারণে লিকেজ/ক্ষতিগ্রস্ত হওয়ায় পানির অপচয় হয়। গ্রাহকগণ মাঝে মাঝেই পানির লাইনে লিকেজ, ময়লা ও দুর্গন্ধযুক্ত পানি প্রাপ্তির অভিযোগ সরাসরি অফিসে এসে ও মোবাইল ফোনে এবং ওয়াসা লিংকের মাধ্যমে দিয়ে থাকেন। গ্রাহকের অভিযোগের ভিত্তিতে সরেজমিনে সাইট পরিদর্শন করে প্রয়োজনীয় মালামাল ও জনবল নিয়োগ করে তাৎক্ষণিকভাবে লিকেজ মেরামতের ব্যবস্থা নিতে হয়। লিকেজ মেরামত শেষে ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত করে যানবাহন চলাচলের উপযোগী করে দিতে হয়। যার ফলে পানির লাইন লিকেজের কারণে পানি অপচয় রোধ, রাস্তায় জনদুর্ভোগ হ্রাস এবং ওয়াসার সেবার মান বৃদ্ধি পাওয়া নিশ্চিত হয়। সেই লক্ষ্যে ডিএমএ-৩০৯ ও ৩১০ এলাকায় পানির লাইনের লিকেজ মেরামত ও ময়লা পানির সমস্যা নিরসনে জরুরী ভিত্তিতে ঢাকা ওয়াসার সর্বশেষ অনুমোদিত দর ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৬৩,৭৯,৩২৭.০০ (তিন লক্ষ উনআশি হাজার তিনশত সাতাশ দশমিক শূন্য শূন্য) টাকা মাত্র (সংযুক্তি ক্র: নং-৩)।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৮/২৩ ১:৫৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় তা বাস্তবায়নের জন্য পূর্বাভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন। সে মোতাবেক কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাতের ক্রমিক নং- B.13.5 এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি ক্র: নং-১)। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহ্বানের জন্য CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসাবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-০৩ দায়িত্ব পালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহ্বান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। প্রস্তাবিত কাজের হিসাব বিবরণী।
- ৩। প্রস্তাবিত কাজের হিসাব বিবরণী।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৮/২৩ ২:২০ অপরাহ্ন

এমতাবস্থায়, Repairing of Water Line Leakage at DMA-309 & 310 Area under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

- ক) আলোচ্য কাজ বাবদ সর্বমোট ৬৩,৭৯,৩২৭.০০ (তিন লক্ষ উনআশি হাজার তিনশত সাতাশ দশমিক শূন্য শূন্য) টাকা মাত্র এর প্রাক্কলন অনুমোদন;
- খ) কাজটি বিশেষ ধরনের হওয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM) তে CPTU Standard Tender Document (STD) e-PW2b অনুসারে দরপত্র প্রণয়ন ও আহ্বান করে কাজটি সম্পাদনের অনুমোদন এবং
- গ) আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং-০১-০৪-০০১) খাত এর B.13.5 হতে নির্বাহের অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

১৭/৮/২৩ ৩:০৮ অপরাহ্ন
সুদীপ্ত কুমার ঘোষ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১৯/৮/২৩ ১১:৩৯ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

২১/৮/২৩ ২:৪৩ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



২১/৮/২৩ ২:৪৩ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২১/৮/২৩ ৮:০৭ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাবসমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সাধারণ সম্পাদক দেওয়া যেতে পারে।




নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

-২-

 ২১/৮/২৩ ৮:০৭ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ গণাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	 ২১/৮/২৩ ৮:০৭ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
---	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ২৩/৮/২৩ ৬:৫৫ অপরাহ্ন

অনুমোদিত

 ২৩/৮/২৩ ৬:৫৫ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ২৮/৮/২৩ ৯:৪২ অপরাহ্ন জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	 ২৯/৮/২৩ ১২:৩৮ অপরাহ্ন মোঃ নজরুল ইসলাম সহকারী প্রকৌশলী মডস জোন-৩	 ২৯/৮/২৩ ১:৪২ অপরাহ্ন সুদীপ্ত কুমার ঘোষ উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৩
---	--	--	---